

১। প্রকল্পের নাম : প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প

২। বাস্তবায়নকারী সংস্থা : প্রাণিসম্পদ অধিদপ্তর

৩। অনুমোদিত ব্যয় (কোটি টাকায়) : ক) মোট : ৪২৮০.৩৬৪৮
খ) জিওবি : ৩৯৪.৬৩৪১
গ) পিএ : ৩৮৮৫.৭৩০৭

৪। প্রকল্প মেয়াদ : ০১/০১/২০১৯-৩১/১২/২০২৩

৫। প্রকল্প এলাকা : ৬১ টি জেলা (পার্বত্য জেলা ব্যতীত)-এর অন্তর্ভুক্ত ৪৬৫টি উপজেলা ও সকল সিটি কর্পোরেশন, পৌরসভা

৬। প্রকল্পের উদ্দেশ্য :

সামগ্রিক উদ্দেশ্যঃ

প্রাণিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি, মার্কেট লিংকেজ ও ভেলু চেইন সৃষ্টি, ক্ষুদ্র ও মাঝারী খামারীদের জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকি ব্যবস্থাপনা, নিরাপদ প্রাণিজ খাদ্য উৎপাদন এবং বেসরকারী উদ্যোগের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নির্ধারিত এলাকায় প্রাণিসম্পদ খাতে টেকসই প্রবৃদ্ধি অর্জন।

৭। প্রকল্পের প্রধান কার্যক্রম :

সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- ১) উন্নত খাদ্য ও পুষ্টি সরবরাহ, প্রাণিস্বাস্থ্য এবং কৃত্রিম প্রজনন ব্যবস্থাপনা নিশ্চিতকরণের মাধ্যমে খামারী পর্যায়ে বিদ্যমান প্রতিটি গবাদিপশুর উৎপাদনশীলতা ২০% বৃদ্ধি করা;
- ২) ৫৫০০ প্রাণিজাত পণ্য উৎপাদনকারী সমিতি (প্রডিউসার অর্গানাইজেশন) গঠন এবং পণ্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ প্রতিষ্ঠানের সহিত সমন্বিতভাবে মার্কেট লিংকেজ ও ভেলু চেইন ব্যবস্থার উন্নয়ন;
- ৩) প্রয়োজনীয় লজিস্টিকস সরবরাহের মাধ্যমে বিভিন্ন নীতিমালা প্রণয়ন, দক্ষতা অর্জন, পরীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে প্রাণিসম্পদ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধি করা;
- ৪) নিরাপদ প্রাণি ও প্রাণিজাত পণ্য উৎপাদন ও মান নিয়ন্ত্রণ ব্যবস্থা উন্নত করা;
- ৫) প্রাণিসম্পদ উৎপাদনে টেকসই প্রবৃদ্ধির জন্য উপযোগী পরিবেশ, আধুনিক জ্ঞান ও প্রাণিবীমা চালুকরণ;